রিকশাচালক সেজে মাঠে নেমেছে আ. লীগের সন্ত্রাসীরা: চিফ হুইপ

চিফ হুইপ নুরুল ইসলাম মনি। ছবি: সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সন্ত্রাসীরা এখন রিকশাচালক পরিচয়ে সামনে আসছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি।

শুক্রবার (৯ অক্টোবর) দুপুরে রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে বাংলাদেশ থাইরয়েড সোসাইটির অষ্টম জাতীয় সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে তিনি এ মন্তব্য করেন।

চিফ হুইপ বলেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পাঁচ মাসের মধ্যেই বিরোধী দল দুটি লংমার্চ করেছে। তারা আরও একটি লংমার্চের কথা বলছে।

দেশের সংকটের প্রসঙ্গে নূরুল ইসলাম মনি বলেন, যখনই দেশ বিপদের মুখে পড়েছে, তখনই অর্থনীতি ও গণতন্ত্র ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছেছে। প্রতিবারই বিএনপি সেই সংকট থেকে দেশকে উত্তরণের পথে নিয়ে এসেছে। পাশাপাশি সারা দেশে সুশাসন প্রতিষ্ঠায় বর্তমান সরকার অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA